দুর্গাপুরে জেলা প্রশাসকের মত বিনিময় সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক- রাজশাহীর দুর্গাপুর রাজশাহী জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার উপজেলা প্রশাসন, ছাত্র প্রতিনিধি, রাজনৈতিক ব্যাক্তিবর্গ, সাংবাদিক প্রতিনিধি, শিক্ষক প্রতিনিধি, এনজিও প্রতিনিধি সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা জনসাধারণের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

৬ ফেব্রুয়ারী (বৃহস্পতিবার) উপজেলার ক্ষণিকালয় উদ্ভোদন শেষে বেলা ১ টার দিকে উপজেলা হলরুমে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা ইউএনও সাবরিনা শারমিনের সভাপতিত্বে ও উপজেলা শিক্ষা অফিসার মোঃ আসাদুজ্জামানের সঞ্চলনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, রাজশাহী জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) যোবায়ের হোসেন, দুর্গাপুর উপজেলায় সহকারী কমিশনার ভূমি সুমন চৌধুরী, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ রুহুল আমিন সহ বিভিন্ন পর্যায়ে কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ।

এছাড়াও বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির দুর্গাপুর উপজেলা আহ্বায়ক কামরুজ্জামান আয়নাল, সদস্য সচিব জুবায়েদ হোসেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী রাজশাহী জেলা পূর্ব শাখার সহকারী সেক্রেটারি নুরুজ্জামান লিটন, দুর্গাপুর থানা আমির সাইফুল ইসলাম, সেক্রেটারি শামীম উদ্দিন সহ বিভিন্ন রাজনৈতিক কর্মীরা উপস্থিত ছিলেন । পর্যায়ক্রমে সকল প্রতিনিধিদের মতামত গ্রহণ করা হয়। এতে উপস্থিত শিক্ষক প্রতিনিধিরা তাদের ম্যানেজিং কমিটি গঠন নিয়ে পতিকুল পরিস্থিতির কথা জানান, রাজনৈতিক দলের নেতারা, ফ্যাসিস্ট আওয়ামী সরকারের পতনের পর দুর্গাপুর উপজেলা জুড়ে অস্থিতিশীল পরিবেশ তৈরির লক্ষ্যে আওয়ামী দোসরদের লিফলেট বিতরণ, দেওয়াল লিখনে জড়িতদের বিরুদ্ধে প্রশাসনের নিষ্ক্রিয়তায় আবারো নকশালী, প্রকাশ্যে হত্যার মতো পরিবেশ সৃষ্টি হওয়ার আশঙ্কা প্রকাশ করেন । এছাড়াও ব্যক্তি কেন্দ্রিক মতামত গ্রহণ করে প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণে বিরত থাকার অনুরোধ করেন তাঁরা। এছাড়াও দুর্গাপুরে সরকারি জলাশয় গুলো উন্মুক্ত টেন্ডার করে সকলকে নিলামে অংশগ্রহণ করার সুযোগ তৈরী, পুকুর সংস্কার, হোজা নদী সংস্কারের মাধ্যমে

বিনোদন কেন্দ্র নির্মাণের প্রস্তাবনা দেন । সাংবাদিক প্রতিনিধি তাদের নানান প্রতিকূলতা বর্ণনা করেন, এবং জুলাই বিপ্লবের পরে পেশাগত দায়িত্ব পালনে অনেক হয়রানির শিকার মামলার শিকার হচ্ছেন এ থেকে উত্তরণের লক্ষ্যে প্রশাসনিক সহযোগিতা কামনা করেন তারা।

উক্ত সভায় প্রধান অতিথি রাজশাহী জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (ডিসি)আফিয়া আখতার বলেন, জুলাই বিপ্লবে সকল শহীদদের স্মরণ করেছি তাদের রুহের মাগফেরাত কামনা করছি। বিপ্লব পরবর্তী পরিস্থিতি থেকে দেশর পরিস্থিতি এখন অনেকটা ভালো হয়েছে আরও ভালো হবে আশা ব্যক্ত করেন । পুলিশ বিভাগ যথেষ্ট চেষ্টা করছে, সেই সাথে আমাদেরও সহযোগিতা প্রয়োজন, আমরা সকলেই সহযোগিতা আইনশৃঙ্খলা বাহিনীকে তারা ভালোভাবে কাজ করতে পারলে আমরা ভালো থাকবো।